
তারিখ ... ১৫।৯।৮৩ ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

দৈনিক বাংলা

019



মাহবুব আলম চাষী

# মদিনার কাছে মাহবুব আলম চাষীসহ ৩ জন নিহত

(স্টাফ রিপোর্টার)

স্বনির্ভর বাংলাদেশ-এর বিশেষ পরামর্শদাতা, সাবেক সচিব ও বিশিষ্ট কৃষি বিশেষজ্ঞ জনাব মাহবুব আলম চাষী গত ২৮শে আগস্ট সৌদী আরবের পবিত্র মদিনা মনওয়ারার কাছে এক সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন (ইন্না.........রাজেউন)।

একই সঙ্গে এই দুর্ঘটনায় নিহত হয়েছেন বাংলাদেশ বিমান এর দুবাই অফিসের একাউন্টস ম্যানেজার জনাব আই এন দারাইন ও দুর্ঘটনাকবলিত গাড়ির ড্রাইভার জনাব কালা মিয়া (ইন্না....রাজেউন)।

গতকাল মঙ্গলবার ঢাকায় পাওয়া

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ৩ জন নিহত

(১ম পৃঃ পর)

এই মর্মান্তিক খবরে জানা গেছে, তাঁরা তিনজন একই গাড়িতে করে পবিত্র হজ পালনের জন্যে মক্কা শরীফ যাচ্ছিলেন।

দীর্ঘ ১৭দিন পর পাওয়া এই খবরে দুর্ঘটনার কোন কারণ জানা যায়নি। তাঁদের তিনজনকেই নিহত অবস্থায় দুর্ঘটনাকবলিত গাড়িতে পাওয়া যায়।

জনাব চাষী গত ২৭শে জুন সড়ক পথে হজে যাত্রা করেন। তিনি একজন বাস যাত্রী হিসেবেই সৌদী আরব পর্যন্ত যান। আগামী ফেব্রুয়ারী মাসে তাঁর দেশে ফেরার কথা ছিল।

জনাব চাষীর বয়স হয়েছিল ৫৬ বছর। পাকিস্তান ফরেন সার্ভিসের একজন বয়স্ক অফিসার হিসেবে জনাব চাষী পিকিং, টোকিও ও ওয়াশিংটনে কূটনৈতিক দায়িত্ব পালন করেন। ১৯৬৬ সালে তিনি সরকারী চাকরিতে ইস্তফা দেন এবং চট্টগ্রামের রাঙ্গুনিয়ায় একটি চাষী ফার্ম প্রতিষ্ঠা করে সমবায় আন্দোলনে আত্মনিয়োগ করেন। স্বাধীনতার পর তিনি পররাষ্ট্র সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় সচিব বাংলাদেশ সরকারের প্রধান সচিব, প্রেসিডেন্টের বিশেষ সচিব (স্বনির্ভর আন্দোলনের দায়িত্বপ্রাপ্ত) পদে দায়িত্ব পালন করেন। গত বছর এপ্রিলে তিনি অবসর গ্রহণ করেন।

মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে ও তিন মেয়ে রেখে গেছেন।

একই সঙ্গে নিহত বাংলাদেশ বিমানের দুবাই অফিসের একাউন্টস ম্যানেজার জনাব আই এস দারাইন বিধবা মা, স্ত্রী ও দুটি শিশু কন্যা রেখে গেছেন।

নিহতদের লাশ ঢাকায় আনার ব্যবস্থা করা হচ্ছে বলে জানা গেছে।